

আর-রুম | Ar-Rum | الرُّوم

আয়াতঃ ৩০ : ৩৪

আরবি মূল আয়াত:

لِيَكْفُرُوا بِمَا آتَيْنَهُمْ ۚ فَتَمَتَّعُوا ۚ فَسَوْفَ تَعْلَمُونَ ﴿٣٤﴾

অনুবাদসমূহ:

ফলে আমি তাদের যা দিয়েছি তার প্রতি তারা অকৃতজ্ঞ হয়। সুতরাং তোমরা ভোগ করে নাও। শীঘ্রই তোমরা জানতে পারবে। — আল-বায়ান

আমি তাদের প্রতি যে অনুগ্রহ করেছি তা অস্বীকার করার জন্য। তাহলে ভোগ করে নাও, শীঘ্রই তোমরা জানতে পারবে! — তাইসিরুল

তাদেরকে আমি যা দিয়েছি তা অস্বীকার করার জন্য। সুতরাং ভোগ করে নাও, শীঘ্রই তোমরা জানতে পারবে। — মুজিবুর রহমান

So that they will deny what We have granted them. Then enjoy yourselves, for you are going to know. — Sahih International

৩৪. ফলে তাদেরকে আমরা যা দিয়েছি, তাতে তারা কুফরী করে। কাজেই তোমরা ভোগ করে নাও, শীঘ্রই তোমরা জানতে পারবে!

তাফসীরে জাকারিয়া

(৩৪) ওদেরকে আমি যা দিয়েছি, তা অস্বীকার করার জন্য।[1] সুতরাং তোমরা ভোগ করে নাও, অতঃপর শীঘ্রই জানতে পারবে।

[1] এখানে সেই বিষয় আলোচিত হয়েছে, যে বিষয় সূরা আনকাবুতের শেষে ৬৫-৬৬নং আয়াতে বর্ণিত হয়ে গেছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3443>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন